60

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 1-8 MAY 1998
পৃষ্ঠা ২৫ কলাম ৩

# এইচএসসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ও নকল প্রতিরোধে সতর্কতামূলক ব্যবস্থা

আনোয়ার আলদীন ॥ চলতি বছর এইচএসসি পরীক্ষায় পাঁচটি শিক্ষাবোর্ড হইতে ৫ লক্ষ ১১ হাজার ৫৯ জন ছাত্র/ছাত্রী অংশগ্রহণ করিবে। আগামী ২৮শে মে পরীক্ষা শুরু হইবে। পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস, নকল ও হাঙ্গামা প্রতিরোধে শিক্ষা মন্ত্রণালয় ও বোর্ডসমূহ এই বছর সর্বোচ্চ সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ

(২য় পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষায়

(শেষ পৃঃ পর)

করিতেছে। বিজি প্রেসের গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিত করিতে সেখানে পুলিশ মোতায়েন করা হইতেছে। ইহাছাড়া পরীক্ষা চলাকালে কোন কেন্দ্রের বিরুদ্ধে নকল ও গোলযোগের অভিযোগ পাওয়ামাত্র সংশ্লিষ্ট কেন্দ্র বাতিল করা হইবে বলিয়া ঢাকা শিক্ষাবোর্ড সূত্রে জানা গিয়াছে। কোন পরীক্ষা পরিদর্শক বা শিক্ষকের বিরুদ্ধে অসদুপায়ে পরীক্ষার্থীদের কোনরূপ সহযোগিতা করিয়াছে এমন অভিযোগ পাওয়া গেলে তাহার বিরুদ্ধে তাৎক্ষণিকভাবে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হইবে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গিয়াছে, এসএসসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের সহিত জড়িত চক্র গ্রেফতারের পূর্ব পর্যন্ত বিজি প্রেসের এইচএসসি পরীক্ষার যে সকল প্রশ্ন ছাপা হইয়াছিল তাহা বাতিল করা হইয়াছে।

চলতি বছর ঢাকা বোর্ডের অধীনে সর্বাধিক ১ লক্ষ ৬৩ হাজার ৬ শত ৮৯ জন ছাত্র/ছাত্রী পরীক্ষায় অংশ নিবে। ইহাছাড়া রাজশাহী বোর্ডের অধীনে ১ লক্ষ ৩৭ হাজার ৭ শত ২৮ জন, যশোর বোর্ডে ৯৩ হাজার ৫ শত ৩ জন, কুমিল্লা বোর্ডে ৭৭ হাজার ৯ শত ৮০ জন এবং চট্টগ্রাম বোর্ডে ৩৮ হাজার ১ শত ৫৯ জন পরীক্ষার্থী অংশ নিবে।

গত বছরের তুলনায় এই বছর ২ লক্ষ ১১ হাজার কম ছাত্র/ছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশ নিবে। গত বছর ৫ বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৭ লক্ষ ২২ হাজার ৮ শত ৫২ জন।

চলতি বছর পরীক্ষার্থীর সংখ্যা হ্রাসের কারণ হিসাবে জানা গিয়াছে, এই ব্যাচের ছাত্র/ছাত্রীরা এসএসসি পরীক্ষায় কম উত্তীর্ণ হইয়াছিল।

**কক্সবাজার সংবাদদাতা** ॥ গত শনিবার রাতে কক্সবাজার সদর থানার ইসলামপুর ইউনিয়নের ফুলছড়ি এলাকায় গৃহবধূ মারোফা বেগমকে সশস্ত্র যুবকরা পালাক্রমে গণধর্ষণ করিয়াছে। এই সময় তাহার স্বামী শরিফুল ইসলামকে বাঁধিয়া রাখিয়া তাহার সামনে ধর্ষণ করিয়া তাহারা পালাইয়া যায়। সংবাদ পাইয়া স্থানীয় চেয়ারম্যান অছিয়র রহমান পাহাড়ী এলাকা হইতে দুর্বৃত্তদের মধ্যে ২ জনকে আটক করিয়া থানায় সোপর্দ করিয়াছেন। এই ব্যাপারে থানায় একটি ধর্ষণ মামলা দায়ের করা হইয়াছে।